

গণিত

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান—১০০

দ্রষ্টব্যঃ—ডান পাশে উল্লেখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ১, ২, ৩, ৫ এবং ১৩নং প্রশ্নসহ মোট দশটি প্রশ্নের উত্তর দিতে হবে।

নম্বর

১×১০=১০

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :

- (i) $৫০০০ \times ৮০০ = \square$, খালি ঘরে কোন সংখ্যাটি বসবে?
 (ক) ৪০০০ (খ) ৪০০০০ (গ) ৪০০০০০ (ঘ) ৪০০০০০০
- (ii) নিচের কোনটি মিশ্র ভগ্নাংশ?
 (ক) $\frac{২}{১}$ (খ) $\frac{৩}{৫}$ (গ) $\frac{৭}{৩}$ (ঘ) $\frac{২}{৩}$
- (iii) কোনো ভাগ অঙ্কে ভাজ্য ২০১৫০ এবং ভাজক ১০০০ হলে, ভাগশেষ কত?
 (ক) ৫০ (খ) ১৫০ (গ) ২০ (ঘ) ২০.১৫
- (iv) নিচের কোনটি খোলা বাক্যের উদাহরণ?
 (ক) $৪ \times ৮ = ১৬ \times ৮$ (খ) $২ \times ৪ = ১৬ \times ৮$
 (গ) $১ + ২ + ৩ + ৪ = ১০$ (ঘ) $১০০ \div ২ = ৫০$
- (v) $\frac{৮}{৯}$ এর $\frac{৫}{১৬}$ = কত?
 (ক) $\frac{৫}{৯}$ (খ) $\frac{৪০}{৯}$ (গ) $\frac{৪০}{১৮}$ (ঘ) $\frac{৫}{১৮}$
- (vi) $৩ \div ১.৫ =$ কত ?
 (ক) ১ (খ) ২ (গ) ৩ (ঘ) ৪
- (vii) ১৫ কিলোগ্রামে কত গ্রাম?
 (ক) ০.১৫ গ্রাম (খ) ০.০১৫ গ্রাম (গ) ১৫০০ গ্রাম (ঘ) ১৫০০০ গ্রাম
- (viii) কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ১২, ১৮ ২৪ কে নিঃশেষে ভাগ করা যায়?
 (ক) ২ (খ) ৩ (গ) ৪ (ঘ) ৬
- (ix) বর্গ ও আয়তের মধ্যে নিচের কোন সাধারণ বৈশিষ্ট্যটি বিদ্যমান?
 (ক) সকল বাহু সমান (খ) কোণগুলো সমকোণ
 (গ) কোণগুলো সূক্ষ্মকোণ (ঘ) বিপরীত বাহুগুলো অসমান
- (x) মোবাইল ফোন থেকে ৩ মিনিট কথা বলায় ৩.৩৩ টাকা খরচ হলো। ঐ ফোন থেকে প্রতি মিনিটে কথা বলার খরচ কত টাকা?
 (ক) ০.১১ (খ) ০.১১১ (গ) ১.০১ (ঘ) ১.১১

[পর পৃষ্ঠা দ্রষ্টব্য।]

- ২। সংক্ষেপে উত্তর দাও :
- (ক) পাঁচ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা ও চার অঙ্কের বৃহত্তম সংখ্যার মধ্যে পার্থক্য কত?
- (খ) কত বছর পর পর আদমশুমারী হয়ে থাকে?
- (গ) $\frac{2}{3}$ এবং $\frac{2}{8}$ কে সম্পর্ক প্রতীক দিয়ে লিখ।
- (ঘ) তোমার গণিত বইয়ের কর্ণারে কী ধরনের কোণ রয়েছে?
- (ঙ) ১২, ০ ও ১৮ এর গড় কত?
- (চ) আসল নির্ণয়ের সূত্রটি লিখ।
- (ছ) $\frac{0}{8}$ এর বিপরীত ভগ্নাংশ কত?
- (জ) ৬০ টাকার ২৫% = কত?
- (ঝ) এরিয়ার দিক দিয়ে বাংলাদেশ পৃথিবীর কততম স্থানে রয়েছে?
- (ঞ) কম্পিউটারের একটি ইনপুট ডিভাইস-এর নাম লিখ।
- ৩। ২টি গরু ও ২টি খাসির মূল্য একত্রে ৭৫০০০ টাকা। একটি খাসির মূল্য ৭৫০০ টাকা।
- (ক) ৩টি খাসি কিনতে কামালের কত টাকা লাগবে? ২
- (খ) ১টি গরু কিনতে কামালের কত টাকা লাগবে? ৪
- (গ) ১টি গরু ও ১টি খাসির দামের পার্থক্য কত টাকা? ২
- (ঘ) ১টি গরুর দাম দিয়ে কামাল কয়টি খাসি কিনতে পারবে? ২
- ৪। পিতা ও কন্যার বয়সের সমষ্টি ৮০ বছর। পিতার বয়স কন্যার বয়সের ৪ গুণ হলে, কার বয়স কত? ১০
- ৫। ২০১৩ সালের সমাপনী পরীক্ষায় বিজিবি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রোল ১ থেকে ৮ পর্যন্ত শিক্ষার্থীদের গণিতে প্রাপ্ত নম্বর যথাক্রমে ৯২, ৯০, ৯৪, ৮৮, ৯০, ৮৪, ৮০ এবং ৮২।
- (ক) প্রথম ৪ জন শিক্ষার্থীর গড় নম্বর কত? ২
- (খ) শেষ ৩ জন শিক্ষার্থীর গড় নম্বর কত? ২
- (গ) প্রথম ৪ জনের গড় নম্বর ও শেষ ৪ জনের গড় নম্বরের পার্থক্য কত? ৩
- (ঘ) শিক্ষার্থীরা গড়ে কত নম্বর পেয়েছে? ৩
- ৬। ৬০টি আম ও ১৫০টি লিচু সর্বাধিক কতজন বালক বালিকার মধ্যে নিঃশেষে ভাগ করে দেওয়া যাবে? প্রত্যেকে কয়টি আম ও কয়টি লিচু পাবে? ১০
- ৭। সাজ্জাদ সাহেবের নিকট ২৪০০০ টাকা ছিল। তিনি তাঁর টাকার $\frac{5}{12}$ অংশ এতিমখানায়, $\frac{3}{8}$ অংশ শিক্ষা প্রতিষ্ঠানে দান করলেন। তাঁর নিকট আর কত টাকা রইল? ১০
- ৮। দুইটি সংখ্যার যোগফল ৭০.৬০। বড় সংখ্যাটি ছোট সংখ্যা থেকে ৪.৫০ বেশি। সংখ্যা দুইটি নির্ণয় কর। ১০
- ৯। মুনাফার হার ৬% হলে, কত টাকার ৫ বছরের মুনাফা ১৮০ টাকা হবে? ১০
- ১০। একটি ত্রিভুজাকার জমির ভূমির পরিমাপ ৫৬০ মিটার এবং উচ্চতা ৩০০ মিটার। এর ক্ষেত্রফল হেক্টরে প্রকাশ কর। ১০
- ১১। ৮৯৭৬৫ ঘণ্টাকে বছর, মাস ও দিনে পরিণত কর। ১০
- ১২। ২০ জন শ্রমিকের দৈনিক আয় (টাকায়) নিচে দেওয়া হলো : ১০
- ২৯০, ৩৩৯, ৩২৬, ৩১৯, ৩০০, ২৪৭, ২৬৪, ২৭৯, ২৯৯, ২৯৫
- ৩০৮, ৩২৭, ২৪৬, ৩৪৮, ৩১৬, ২৭৬, ২৮৮, ২৬৯, ৩১৬, ২৯৬।
- উপাত্তগুলো ২০ শ্রেণি ব্যবধানে বিন্যস্ত কর।
- ১৩। (ক) ৩ সে.মি. ব্যাসার্ধের একটি বৃত্ত আঁক এবং এর ব্যাস, ব্যাসার্ধ এবং জ্যা চিহ্নিত কর। $১+১+১+১=৪$
- (খ) চিত্রসহ সংজ্ঞা লিখ (যে কোনো দুইটি) : $৩ \times ২ = ৬$
- সামান্তরিক, আয়ত, বৃত্তচাপ।